

**“বৃহদীশ্বর মন্দিরের সহস্র বর্ষ” বিষয়ক নতুন ধাতুমুদ্রা ‘৫’-এর নির্গমন**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক অনতিবিলম্বে “বৃহদীশ্বর মন্দিরের এক হাজার বর্ষ” বিষয়ক ‘৫’-এর ধাতুমুদ্রা প্রচলনে নিয়ে আসবে।

উপরোক্ত মূল্যমানের ধাতবমুদ্রা নিম্নলিখিত আকার, নকশা এবং গঠন অনুযায়ী হবে, যেমন:

ধাতবমুদ্রার মূল্যমান	আকৃতি এবং বাইরের ব্যাস	খাঁজের সংখ্যা	ধাতব সংমিশ্রণ
পাঁচ টাকা	বৃত্তাকার ২৩ মিলিমিটার	১০০	নিকেল পিতল তামা - ৭৫% দস্তা - ২০% নিকেল - ৫%

**মুখভাগ:** ধাতুমুদ্রার সম্মুখভাগের কেন্দ্রে রয়েছে অশোক স্তম্ভের শীর্ষস্থিত সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “সত্যমেব জয়তে”, বামে উপরের পরিধি বরাবর আছে হিন্দিতে “ভারত” শব্দটি এবং ডান দিকের উপরের পরিধি বরাবর আছে ইংরাজিতে লেখা “INDIA”. বামদিকের নীচের পরিধি বরাবর খোদিত সিংহ মূর্তির নীচে হিন্দিতে “রুপয়ে” শব্দটিসহ অঙ্কিত আন্তর্জাতিক অঙ্কে মূল্যমান “5” এবং ডানদিকের নীচের পরিধি বরাবর ইংরাজিতে “RUPEES” শব্দটি থাকবে।

**পৃষ্ঠভাগ:** ধাতুমুদ্রার পৃষ্ঠভাগে “বৃহদীশ্বর মন্দির” এবং চোলা বংশের “সম্রাট রাজা রাজন”-এর জোড়হস্ত মূর্তির প্রতিচ্ছবি থাকবে এবং বাম পরিধি বরাবর হিন্দিতে খোদিত থাকবে “বৃহদীশ্বর মন্দির কে ১০০০ বর্ষ” এবং ডান পরিধি বরাবর ইংরাজিতে “1000 YEARS OF BRIHADEESWARAR TEMPLE” এবং ছবির নীচে থাকবে হিন্দিতে “তঞ্জাবুর” এবং ইংরাজিতে “THANJAVUR”। ছবির নীচে আন্তর্জাতিক অঙ্কে খোদিত থাকবে সাল “2010”।

ভারতীয় কয়েনেজ আইন, ১৯০৬ অনুযায়ী ধাতুমুদ্রাগুলি বৈধ টেন্ডার। বর্তমানে প্রচলনে থাকা পাঁচ টাকার ধাতুমুদ্রাগুলিও বৈধ টেন্ডার হিসেবে চালু থাকবে।

**অজিত প্রসাদ**  
**সহকারী মহাপ্রবন্ধক**

প্রেস বিজ্ঞপ্তি: ২০১০-২০১১/১২৯৮